

ঘন কুয়াশা: দিল্লিতে দৃশ্যমানতা শূন্য, ফ্লাইট চলাচল ব্যাহত

- A Monitor Desk Report

Date: 08 January, 2025



নয়াদিল্লি: ঘন কুয়াশার চাদরে ঢাকা পড়েছে ভারতের রাজধানী নয়াদিল্লি। এতে সেখানকার দৃষ্টিসীমা অনেকটাই কমে গেছে। এই পরিস্থিতিতে দিল্লিতে উড়োজাহাজের শিডিউলে দেখা দিয়েছে বিপর্যয়।

দিল্লিসহ উত্তর ভারতে ধোঁয়াশার এই দাপটে ব্যাহত হয়েছে ফ্লাইট চলাচল। পরিবর্তন করতে হয়েছে বহু ফ্লাইটের সময়সূচি। এছাড়া ট্রেন চলাচলও ব্যাহত হচ্ছে। দিল্লিতে জারি করা হয়েছে সতর্কতা।

বুধবার (৮ জানুয়ারি) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম।

সংবাদমাধ্যমটি বলছে, উত্তর ভারত ক্রমাগত শৈত্যপ্রবাহের কবলে পড়েছে এবং এর মধ্যেই কুয়াশার পুরু স্তর দিল্লি এবং পার্শ্ববর্তী অঞ্চলগুলোকে ঢেকে দিয়েছে। পুরো অঞ্চল জুড়ে বিমানবন্দরগুলোতে দৃশ্যমানতা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে এবং এতে করে ফ্লাইট পরিষেবা ব্যাহত হয়েছে।

নয়াদিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে (আইজিআই) ২০০টি ফ্লাইট বিলম্বিত হয়েছে এবং চারটি পরিষেবা বাতিল করা হয়েছে। সর্বশেষ নির্দেশনায় বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, অবতরণ এবং টেকঅফ অব্যাহত থাকলেও যে ফ্লাইটগুলো লো-ভিজিবিলাটি ল্যান্ডিংয়ে সক্ষম নয়, সেগুলো বিদ্যমান এই আবহাওয়া পরিস্থিতির কারণে প্রভাবিত হতে পারে।

দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরের পাশাপাশি ভারতীয় পাঞ্জাবের অমৃতসর, ভারতীয় কাশ্মিরের জম্মু এবং উত্তর প্রদেশের আগ্রার বিমানবন্দরগুলোও কার্যত শূন্য দৃশ্যমানতা রেকর্ড করেছে। এতে করে বিদ্যমান এই পরিস্থিতি পুরো এই অঞ্চলে ফ্লাইট চলাচলের ওপর প্রভাব ফেলেছে।

এদিকে আবহাওয়া অধিদপ্তরের দেওয়া ৭ দিনের পূর্বাভাসে বলা হয়েছে, বুধবার থেকে সর্বনিম্ন তাপমাত্রা কমতে শুরু করবে এবং শুক্রবারের

मध्ये ता ५ डिग्रि सेलसियासे नामबे बले धारणा करा ह्छे।

एछाडा घन थेके खुब घन कुयाशार आशङ्काय भारतेर आवहाओया विभाग बुधवार दिङ्गिते कमला सतर्कता एवं बृहस्पतिवार ७ शुक्रवारेर (९-१० जानुयारि)जन्य हलुद सतर्कता जारि करेछे।

-B